

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৭, ইলমের ভিত্তিতে আমল করা এবং এতে নিয়ত সহীহ রাখা

بَابُ الْعَمَلِ بِالْعِلْمِ وَحُسْنِ النِّيَّةِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا مَخْلَدُ بْنُ مَالِكِ، عَنْ حَجَّاجِ بْنِ مُحَمَّدٍ، عَنْ لَيْتِ بْنِ سَعْدٍ، عَنْ مُعَاوِيَةَ بْنِ صَالِحٍ، عَنْ أَبِي الزَّاهِرِيَّةِ، يَرْفَعُ الْحَدِيثَ أَنَّ اللَّهَ قَالَ: «أَبُثُ الْعِلْمَ فِي آخِرِ الزَّمَانِ حَتَّى يَعْلَمَهُ الرَّجُلُ وَالْمَرْأَةُ، وَالْعَبْدُ وَالْحُرُّ، وَالصَّغِيرُ وَالْكَبِيرُ، فَإِذَا فَعَلْتُ ذَلِكَ بِهِمْ، أَخَذْتُهُمْ بِحَقِّي عَلَيْهِمْ

إسناده صحيح إلى أبي الزاهرية حدير بن كريب وهو مرسل

বাংলা

২৫৯. মুয়াবিয়াহ ইবনু সালিহ, আবূ যাহিরিয়াহ হতে বর্ণনা করেন, তিনি একে মারফু' হাদীস হিসেবে (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে) বর্ণনা করেছেন যে, আল্লাহ তা'আলা বলেন: "আমি আখেরী যামানায় ইলমকে (সকলের মাঝে) ছড়িয়ে দেব, যাতে নারী-পুরুষ, কৃতদাস-স্বাধীন ব্যক্তি, ছোট-বড় নির্বিশেষে সকলেই তা শিখে নেয়। যখন আমি তাদের ব্যাপারে একাজ করব (তাদের জ্ঞান শিক্ষার সুযোগ করে দেব), অত:পর আমি তাদের উপর আমার হকের বিষয়ে তাদেরকে পাকড়াও করব।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ আবী যাহিরিয়্যাহ পর্যন্ত সহীহ। কিন্তু তা মুরসাল।

তাখরীজ: ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম, নং ১২১০; আবু নুয়াইম, আল হিলইয়া ৬/১০০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন